# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 26-05-2025** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) বিজেপি, দক্ষিণ ২৪ পরগনায় ভোটার তালিকায় বাংলাদেশিদের নাম অন্তর্ভুক্তির অভিযোগ সম্পর্কে সিবিআই তদন্ত এর দাবি জানিয়েছে।

২) নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আজ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

৩) চাকরিহারা শিক্ষকদের একাংশ আজ সরকারের রিভিউ পিটিশনের খসড়া নিয়ে বিকাশভবনে শিক্ষা সচিব বিনোদ কুমারের সঙ্গে এক বৈঠক করেছেন। তবে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বৈঠকে উপস্থিত না থাকায় তারা অসন্তোষ প্রকাশ করেছেন।

৪) মহিলাদের স্বনির্ভরতার লক্ষ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতর চলতি আর্থিক বছরে স্বনির্ভর গোষ্ঠীগুলির হাতে রেকর্ড পরিমাণ ৩০ হাজার কোটি টাকার ঋণ তুলে দিয়েছে।

৫) নানা অনুষ্ঠানে মধ্য দিয়ে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৬-তম জন্ম বার্ষিকীতে, আজ তাঁকে স্মরণ করা হচ্ছে।

৬) পশ্চিম-মধ্য এবং সংলগ্ন উত্তর বঙ্গোপসাগরে আগামী ২৪ ঘন্টার মধ্যে নিম্নচাপ অঞ্চল তৈরি হওয়ার সম্ভাবনা। এর জেরে বুধবার থেকে বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাষ।

oooooooooooooooooo

বিজেপি, দক্ষিণ ২৪ পরগনায় ভোটার তালিকায় বাংলাদেশিদের নাম অন্তর্ভুক্তির অভিযোগ সম্পর্কে সিবিআই তদন্তের দাবি জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি পরিষদীয় দল, আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে এক চিঠি দিয়ে এই দাবি জানান।

পরে বিরোধী দলনেতা এক সাংবাদিক বৈঠকে অভিযোগ করেন,এই ঘটনায় শুধুমাত্র কোন একজন নয়, জেলা শাসক , এসডিও এবং পুলিশ প্রশাসনও জড়িত।

শুধু দক্ষিণ চব্বিশ পরগনায় নয়,রাজ্যের বিভিন্ন প্রান্তেই শাসক দল ও আই প্যাকের প্রতিনিধি এবং শাসকদলের অনুগত বিডিওরা এই কাজে যুক্ত রয়েছে। একে বড় দুর্নীতি হিসেবে অভিহিত করে , শুভেন্দু বাবু ,প্রশ্ন তোলেন যেখানে পুলিশ প্রশাসন জড়িত , সেখানে পুলিশকে দিয়ে কেন তদন্ত করানো হবে। অবিলম্বে এই ঘটনার তদন্তের দায়িত্ব সিবিআইকে দেওয়ার জন্য শ্রী অধিকারী দাবি জানান।

(বাইট – শুভেন্দু)

বিরোধী দলনেতা আরো জানান, মুর্শিদাবাদের ঘটনার তদন্তে গঠিত সিটের রিপোর্টে পুলিশের নিষ্ক্রিয়তা প্রমাণিত হয়েছে। তাই আগামী বিধানসভা নির্বাচনে এই পুলিশ আধিকারিকদের নির্বাচনী প্রক্রিয়ার দায়িত্বে না রাখারও দাবি জানিয়েছেন তিনি।

oooooooooooooooooooooo

নদিয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আজ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। জেলা শাসক , জেলা নির্বাচনী আধিকারিক এস অরুণপ্রসাদ প্রশাসনিক ভবনে এক সাংবাদিক বৈঠকে জানান,এই বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গেই কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রে আদর্শ আচরণবিধি বলবত হোল।

এদিকে, আজ থেকেই কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের মনোনয়নপত্র জমা নেওয়ার কাজ শুরু হয়েছে । চলবে আগামী সোমবার ২রা জুন পর্যন্ত। পরের দিন অর্থাৎ, ৩রা জুন মনোনয়নপত্র গুলি পরীক্ষা করে দেখা হবে । নাম প্রত্যাহারের শেষ দিন হয়েছে ৫ই জুন।

উল্লেখ্য,আগামী **১৯** শে জুন কালিগঞ্জ বিধানসভার উপনির্বাচনের ভোট গ্রহণ করা হবে। গণনা ২৩শে জুন। তৃণমূল কংগ্রেস এর বিধায়ক নাসির উদ্দিন আহমেদের মৃত্যুতে এই আসনটি শূন্য হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

চাকরিহারা শিক্ষকদের একাংশ আজ সরকারের রিভিউ পিটিশনের খসড়া নিয়ে বিকাশভবনে শিক্ষা সচিব বিনোদ কুমারের সঙ্গে এক বৈঠকে বসেন। তবে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বৈঠকে উপস্থিত না থাকায় সেই নিয়ে তারা প্রশ্ন তোলেন। পরে এক সাংবাদিক বৈঠকে চাকরিহারা শিক্ষকদের তরফে জানানো হয়, সরকার নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করলেও তাঁরা নতুন করে পরীক্ষায় বসবেন না। চাকরিতে পুনর্বাহালের দাবিতে তারা দিল্লিতেও যেতে পারেন।

( বাইট- চাকরিহারা)

উল্লেখ্য, সুপ্রিম কোর্ট **৩১**-শে মে-র মধ্যে নতুন নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করার নির্দেশ দিয়েছে।

চাকরিহারা শিক্ষক সুমন বিশ্বাস জানিয়েছেন, ২০১৬-র SSC পরীক্ষার ২২ লক্ষ OMR শিটের মিরর ইমেজ প্রকাশের দাবিতে তারা সুপ্রিম কোর্টে মামলা করবেন। পাশাপাশি শীর্ষ আদালতের নির্দেশ মেনে অযোগ্যদের চাকরি যাতে রাজ্য সরকার বাতিল করে সেব্যাপারেও দৃষ্টি আকর্ষণ করা হবে।

অন্যদিকে বিকাশভবনে চাকরিহারা শিক্ষকদের আন্দোলন ও অবস্থানের সময় গন্ডগোলের ঘটনায় চাকরিহারা শিক্ষক চিন্ময় মন্ডলকে পুলিশ আজ বিধাননগর উত্তর থানায় প্রায় আড়াই ঘণ্টা জিজ্ঞাসাবাদ করে। সরকারী সম্পত্তি নষ্ট, কর্মীদের জোর করে আটকানো সহ বিভিন্ন অভিযোগে স্বতঃপ্রণোদিত হয়ে বিধাননগর উত্তর থানার পুলিশ এই মামলা দায়ের করে।

সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী চাকরিহারা শিক্ষক প্রসঙ্গে বলেছেন, দুর্নীতি সরকারের তরফে প্রাতিষ্ঠানিকভাবে তৈরি করা হয়েছে, চাকরি দেবার জন্য এই ব্যবস্থাপনা হয়নি, চাকরি চুরির জন্য এই ব্যবস্থাপনা হয়েছিল। শ্রী চক্রবর্তী অভিযোগ করেন, এই অপরাধের দায় মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর।

(বাইট – সুজন)

চাকরিহারা শিক্ষকদের পাশে তাঁর দল রয়েছে বলে কংগ্রেস নেতা অধীর চৌধুরী জানিয়েছেন। তিনি বলেছেন, সারা দেশের মানুষের জানা উচিত- এই বাংলায় কোন পর্যায়ে দুর্নীতি হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

চাকরি হারানো গ্রুপ সি ও গ্রুপ ডি কর্মীদের ভাতা দেওয়া সংক্রান্ত রাজ্য সরকারের বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে, কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। বিচারপতি অমৃতা সিনহার এজলাসে এই মামলা দায়ের হয়। আগামী ১০ই জুন মামলার শুনানি হওয়ার সম্ভাবনা।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশে চাকরি হারানো গ্রুপ সি ও গ্রুপ ডি কর্মচারীদের ২৫ হাজার ও ২০ হাজার টাকা মাসিক ভাতা দেওয়ার কথা ঘোষণা করে পশ্চিমবঙ্গ সরকার। ওয়েস্ট বেঙ্গল লাইভলিহুড অ্যান্ড সোশ্যাল সিকিউরিটি ইন্টেরিম স্কিম ২০২৫ এর আওতায় এই ভাতা ঘোষণা করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

অপারেশন সিঁদুর ও তার প্রেক্ষিতে তৃনমূল কংগ্রেসের চেয়ারপার্সন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কেন্দ্রীয় সরকারের কাছে যে বিশেষ সংসদীয় অধিবেশন ডাকার আবেদন জানিয়েছেন সেই আবহেই দলের সদস্যরা আগামীকাল এক বৈঠকে বসতে চলেছে। নতুন দিল্লির সাউথ অ্যাভেনিউতে ওই বৈঠকে উপস্থিত থাকার জন্যে সংসদের দুই কক্ষের সদস্যদের নির্দেশ দেওয়া হয়েছে বলে তৃণমূল কংগ্রেস সূত্রে খবর।

তবে দলের সাধারন সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় সর্বদলীয় প্রতিনিধি দলের সঙ্গে বিদেশে থাকায় তিনি বৈঠকে উপস্থিত থাকতে পারবেন না।

০০০০০০০০০০০০০০০০০০০০

শুধু সন্ত্রাসবাদী নয় দেশের ভিতরেও অনেক শত্রু রয়েছে যারা স্বাভাবিক উন্নয়নকে প্রতিরোধ করে দেশের ক্ষতি করতে চায় বলে বিশিষ্ট অভিনেতা অর্জুন চক্রবর্তী মন্তব্য করেছেন। আকাশবাণীকে তিনি বলেন, শহীদদের শ্রদ্ধা জানাতে ভারত যে ভূমিকা পালন করেছে তাকে স্যালুট জানাতেই হবে।

( বাইট- অর্জুন চক্রবর্তী )

oooooooooooooooooooo

মহিলাদের স্বনির্ভরতার লক্ষ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতর , চলতি আর্থিক বছরে রাজ্যজুড়ে স্বনির্ভর গোষ্ঠীগুলির হাতে রেকর্ড পরিমাণ ৩০ হাজার কোটি টাকার ঋণ তুলে দিয়েছে। এই অর্থে ১০ লক্ষের বেশি স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা উপকৃত হয়েছেন।

পঞ্চায়েত দফতর সূত্রে জানা গেছে, স্বনির্ভর গোষ্ঠী গুলিকে ঋণ বিতরণের ক্ষেত্রে দেশের মধ্যে বাংলার স্থান বর্তমানে দ্বিতীয়, অন্ধ্রপ্রদেশের পরেই। এবারই প্রথম প্রতিটি গোষ্ঠীর গড় ঋণ ৩ লক্ষ টাকা ছুঁয়েছে।

২০২৩-২৪ আর্থিক বছরে যেখানে এই গড় ছিল ২লক্ষ.৭০ হাজার টাকা, ২০২২-২৩ ২লক্ষ ২৯ হাজার টাকা, ২০১০ সালে তা ছিল মাত্র ৪৬ হাজার টাকা।

পঞ্চায়েত দফতর এর পক্ষ থেকে আরও জানানো হয়েছে, বর্তমানে রাজ্য সরকার ২৫টি কৃষি সমবায়কে সহায়তা দিচ্ছে। একাধিক সমবায়কে নিয়ে ক্লাস্টার গড়ে কৃষি যন্ত্রের সুবিধাও দেওয়া হচ্ছে ।উদ্যোক্তা প্রশিক্ষণ শিবিরও হচ্ছে নিয়মিত।

আনন্দধারা নামে পরিচিত পশ্চিমবঙ্গ রাজ্য গ্রামীণ জীবিকা মিশন আগামী ২০২৫-২৬ অর্থবর্ষে ৩৫ হাজার কোটি টাকার ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা নিয়েছে।

oooooooooooooooooooo

নানা অনুষ্ঠানে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের **১২৬**-তম জন্ম বার্ষিকীতে, আজ তাকে স্মরণ করা হচ্ছে।

কবির জন্মস্থান, **পশ্চিম বর্ধমানের** জামুরিয়ার **চুরুলিয়ায়** এই উপলক্ষে সকালে বর্ণাঢ্য প্রভাত ফেরীর আয়জন করা হয়। গোটা গ্রাম ঘুরে তা শেষ হয় কবি পত্নী প্রমীলা দেবীর সমাধিস্থলের কাছে। সেখানে নজরুল মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। ২০০-র বেশী শিল্পী এতে অংশ নিচ্ছেন।

বিভিন্ন জেলা থেকেও যথাযোগ্য মর্যাদায় দিনটি পালনের খবর এসেছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মধ্য এবং সংলগ্ন উত্তর বঙ্গোপসাগরে আগামী ২৪ ঘন্টার মধ্যে নিম্নচাপ অঞ্চল তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। এরফলে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী বুধবার ২৮-শে মে থেকে ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

এদিকে, বাতাসে অত্যাধিক পরিমাণে জলীয় বাষ্প এবং স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ তৈরি হওয়ায়, কলকাতা সহ রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টি হচ্ছে। টানা বৃষ্টিতে অনেক নিচু এলাকা জলমগ্ন। দক্ষিণ ২৪ পরগণার নামখানা, সাগর, পাথরপ্রতিমা, কাকদ্বীপ সহ বিভিন্ন এলাকায় ভারী বৃষ্টি  ও ঝোড় হাওয়ার দাপটে সুন্দরবনের নদী ও সমুদ্র উত্তাল। বেড়েছে জলস্তরও। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের বুধবার থেকে গভীর সমুদ্রে পাড়ি না দিতে বলা হয়েছে।

এদিকে, দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু ইতোমধ্যেই উত্তর - পূর্ব  ভারতের ত্রিপুরা, মনিপুর, মিজোরাম, অরুণাচল প্রদেশ এবং অসমের বেশিরভাগ জায়গায় প্রবেশ করেছে। অনুকূল পরিবেশ থাকায় দু-একদিনের মধ্যেই তা ওই অঞ্চলের বাকি এলাকা এবং হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গে প্রবেশ করতে পারে বলে আবহবিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট – সৌরিশ)

অন্যদিকে, বৃষ্টিতে তাপমাত্রা কিছুটা কমেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক তিন ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা প্রায় ৪ ডিগ্রী নীচে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা অবশ্য ছিল স্বাভাবিকের সামান্য উপরে ২৭ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় গড় বৃষ্টিপাতের পরিমাণ ৩৭ দশমিক দুই মিলিমিটার। বেলা ১১-টা থেকে ২-টোর মধ্যে শহরে সবচেয়ে বেশি বৃষ্টি হয়েছে দত্তাবাগান এলাকায়- ৫৯ মিলিমিটার। এছড়া তপসিয়া এলাকায় ৫২ ও চিংড়িঘাটায় ৩৯ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ফলহারিনি কালী পুজো আজ। জৈষ্ঠ্য মাসের অমাবস্যা তিথিতে মা কালী ফল হারিণী কালী রূপে পূজিতা হয়ে থাকেন। প্রতিবছরের মতো এবারও দক্ষিণেশ্বর ভবতারিণী মায়ের মন্দির, তারাপীঠ কালী মায়ের মন্দির, কালীঘাট মায়ের মন্দির সহ বিভিন্ন কালীমন্দিরে ফল হারিনী

কালীপুজোতে বহু ভক্তের সমাগম হয়েছে। বেলুড় মঠ, বাগবাজার সারদা মায়ের বাড়িতেও ফলহারিণী কালীপুজোর আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo